20

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

# আগামীকাল সাক্ষরতা দিবস

ইত্তেফাক রিপোর্ট ॥ আগামীকাল বৃহস্পতিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এ উপলক্ষে আজ সন্ধ্যা সাড়ে ৬টায় জাতীয় যাদুঘরের সম্মুখ হইতে সম্মিলিত

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## সাক্ষরতা দিবস

( ১ম পৃঃ পর )

আলোক শোভাযাত্রা বাহির হইবে। সরকার, এনজিও এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের সম্মিলিত অংশ গ্রহণের মাধ্যমে আয়োজিত এই শোভাযাত্রা কেন্দ্রীয় শহীদ মিনারে পৌঁছিয়া শেষ হইবে। সেখানে সাক্ষরতায় উদ্বুদ্ধকরণমূলক নাটক পরিবেশন করিবে রংপুর গণনাট্য ফোরাম। সম্মিলিত আলোক শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে শহীদ মিনার হইতে ২ জন তরুণ সংস্কৃতি কর্মী সাক্ষরতা অভিযানে দেশব্যাপী সাইকেল সফর শুরু করিবেন। আগামীকাল বিকাল ৩ টায় চারু ও কারুকলা ইনষ্টিটিউটে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও শিশুদের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হইবে। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে 'জীবন ও স্বাক্ষরতা' শীর্ষক ২ দিনব্যাপী আলোক চিত্র প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করিয়াছে। আজ সকাল সাড়ে ১০টায় প্রদর্শনীর উদ্বোধন করিবেন তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন আগামীকাল সকাল ১০ টায় ব্যানবেইস ভবনে ২দিন ব্যাপী এক কর্মশালার আয়োজন করিয়াছে।